বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

আশ্বিন ১০, ১৪৩২
এফই সার্কুলার নম্বর ৩৬ তারিখ : -------------------
সেপ্টেম্বর ২৫, ২০২৫

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

<u>হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।</u>

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ১৯, তারিখ অক্টোবর ২৫, ২০১১-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অগ্রিম রপ্তানিমূল্যের বিপরীতে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানিতে নগদ সহায়তা পরিশোধ সংশ্লিষ্ট উল্লিখিত সার্কুলারটির (ঘ) উপঅনুচ্ছেদ নিম্নোক্তভাবে সংশোধন করা হলো :

‘‘(ঘ) যে দেশে পণ্য রপ্তানি করা হবে কেবল সে দেশ থেকেই মূল্য প্রত্যাবাসন হতে হবে। এছাড়া ভিন্ন দেশ থেকে রপ্তানিমূল্য প্রত্যাবাসিত হলেও নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে নগদ সহায়তা প্রদেয় হবে :

(অ) রপ্তানি আদেশ প্রদানকারী থেকে বা রপ্তানি আদেশ প্রদানকারীর সাথে সুনির্দিষ্ট ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এরূপ উৎস থেকে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানিমূল্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হতে হবে;

(আ) নগদ সহায়তার আবেদন প্রক্রিয়াকরণের পূর্বে পণ্য রপ্তানির বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংককে স্বীকৃত ট্র্যাকিং পদ্ধতি/কাস্টমস কর্তৃপক্ষের Export General Manifest (EGM)-এর মাধ্যমে নিশ্চিত হতে হবে এবং উক্ত তথ্যাদি (প্রিন্টেড কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;’’

০২। বর্ণিত নির্দেশনা এ সার্কুলার জারির তারিখ থেকে জাহাজিকৃত পণ্যের বিপরীতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে কার্যকর হবে। পূর্বের কোনো অনিষ্পন্ন বিষয়ে বা অডিট আপত্তি রয়েছে এমন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে এ সার্কুলার প্রযোজ্য হবে না।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য আপনাদের পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩